

## ■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮ : ২৯

## 💵 আরবি মূল আয়াত:

## كِتُبُ اَنزَلنْهُ اِلَيكَ مُبْرَكُ لِيَدَّبَّرُوا أَيتِهِ وَ لِيَتَذَكَّرَ أُولُوا الاَلبَابِ ﴿٢٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

আমি তোমার প্রতি নাযিল করেছি এক বরকতময় কিতাব, যাতে তারা এর আয়াতসমূহ নিয়ে গভীরভাবে চিন্তা করে এবং যাতে বৃদ্ধিমানগণ উপদেশ গ্রহণ করে। — আল-বায়ান

এটি একটি কল্যাণময় কিতাব তোমার কাছে অবতীর্ণ করেছি যাতে তারা এর আয়াতগুলোর প্রতি চিন্তা-ভাবনা করে, আর জ্ঞান-বৃদ্ধিসম্পন্ন লোকেরা উপদেশ গ্রহণ করে থাকে। — তাইসিরুল

এক কল্যাণময় কিতাব ইহা, আমি তোমার উপর অবতীর্ণ করেছি, যাতে মানুষ এর আয়াতসমূহ অনুধাবন করে এবং বোধশক্তিসম্পন্ন ব্যক্তিরা উপদেশ গ্রহণ করে। — মুজিবুর রহমান

[This is] a blessed Book which We have revealed to you, [O Muhammad], that they might reflect upon its verses and that those of understanding would be reminded. — Sahih International

২৯. এটা মুবারক কিতাব, এটা আমরা আপনার প্রতি নাযিল করেছি, যাতে মানুষ এর আয়াতসমূহে গভীরভাবে চিন্তা করে এবং যাতে বোধশক্তিসম্পন্ন ব্যক্তিরা গ্রহণ করে উপদেশ।

তাফসীরে জাকারিয়া

(২৯) আমি এ কল্যাণময় গ্রন্থ তোমার প্রতি অবতীর্ণ করেছি, যাতে মানুষ এর আয়াতসমূহ অনুধাবন করে এবং বুদ্ধিমান ব্যক্তিগণ গ্রহণ করে উপদেশ।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3999

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন